**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, সরকার জনজাতি অধ্যুষিত অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করার জন্য ধারাবাহিকভাবে আর্থিক সহায়তা করে চলেছে।**
**(২) শ্রমমন্ত্রী টিঙ্কু রায় প্রজ্ঞাভবনে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পের জন্য ওয়েব এবং মোবাইল অ্যাপ ভিত্তিক পরিষেবার উদ্বোধন করেন।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেরলম'র এর্নাকুলামে প্রায় এগারো হাজার কোটি টাকা ব্যয়ের একাধিক উন্নয়ন প্রকল্পের সূচনা করেছেন।**
**(৪) টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি খেলা হয়।**

**************************************

**Yarn Distribution :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার জনজাতি অধ্যুষিত অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করার জন্য ধারাবাহিকভাবে আর্থিক সহায়তা করে চলেছে। আজ মোহনপুর পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গনে মুখ্যমন্ত্রী জনজাতি উন্নয়ন মিশনের মাধ্যমে মহিলা তাঁতিদের সুতো বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি ঐতিহ্যবাহী তাঁত এবং বয়ন সংস্কৃতির সুরক্ষা এবং প্রচারের জন্য সরকারের সক্রিয় দৃষ্টিভঙ্গির উপরও জোর দেন। কৃষিমন্ত্রী, বলেন জনজাতি মহিলা তাঁতি উন্নয়ন কর্মসূচি জনজাতি মহিলা কারিগরদের ক্ষমতায়ন, উন্নয়ন এবং স্বনির্ভরতার প্রতীক হয়ে উঠেছে। তিনি বলেন এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার জন্য, জনজাতি গ্রামগুলির আর্থ-সামাজিক উন্নয়ন অপরিহার্য।

শ্রী নাথ বলেন, জনজাতি ছাত্রছাত্রীদের উন্নয়নের জন্যও সরকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করে চলেছে। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেন এই উদ্যোগের লক্ষ্য হল গ্রামীণ ও উপজাতি নারীদের ঐতিহ্যবাহী, সুস্থায়ী পেশায় সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে তাদের অর্থনৈতিক স্বাধীনতা বৃদ্ধি করা।

*****************************

**Web and Mobile App :**

শ্রমমন্ত্রী টিঙ্কু রায় আজ আগরতলার প্রজ্ঞা ভবনে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পের জন্য ওয়েব এবং মোবাইল অ্যাপ ভিত্তিক পরিষেবার উদ্বোধন করেন। মন্ত্রী শ্রী রায় বলেন, এই উদ্যোগ শ্রমিক কল্যাণ ও ডিজিটাল পরিষেবাকে আরো স্বচ্ছ ও সহজতর করে তুলবে। তিনি বলেন, এই নতুন ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে নির্মাণ শ্রমিকদের নিবন্ধন, বিভিন্ন কল্যাণমূলক সুবিধা গ্রহণ এবং প্রয়োজনীয় পরিষেবা পাবার প্রক্রিয়া আরো সহজ, দ্রুত এবং স্বচ্ছ হয়ে উঠবে। তিনি বলেন প্রযুক্তির মাধ্যমে শ্রমিকদের অধিকার ও সুযোগ সুবিধা নিশ্চিত করার এই উদ্যোগ সরকারের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। মন্ত্রী শ্রী রায় বলেন সরকারের লক্ষ্য হচ্ছে আর্থিক সহায়তা, স্বাস্থ্যসেবা সুবিধা, শিক্ষা সহায়তা এবং ব্যাপক কল্যাণমূলক প্রকল্প প্রদানের মাধ্যমে নির্মাণ শ্রমিকদের জীবনযাত্রা ও কর্মপরিবেশ উন্নত করা। পাশাপাশি সুস্থায়ী উন্নয়ন এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির মাধ্যমে প্রতিটি নির্মাণ শ্রমিক এবং তাদের পরিবারের জন্য সামাজিক নিরাপত্তা এবং মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করার দিকেও সরকার লক্ষ্য রেখে চলেছে।

*****************************

**Ex-Justice Pradip Sarkar :**

গুয়াহাটি হাইকোর্টের প্রাক্তন বিচারপতি প্রদীপ কুমার সরকার আজ সকালে রামনগরে নিজের বাড়িতে প্রয়াত হয়েছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। তার প্রয়াণে হাইকোর্ট বার অ্যাসোসিয়েশনের সদস্যরা শোক ব্যক্ত করেছেন।

****************************

**AMC-MAYOR :**

হাওড়া রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট প্রজেক্টে হাওড়া নদী অববাহিকা সংস্কারের যে কাজ চলছে সে দিকে লক্ষ্য রেখে হাওড়া মার্কেটটি ভেঙ্গে নতুন করে তৈরি করার পরিকল্পনা গ্রহণ করেছে পুর নিগম। ইতিমধ্যেই সংস্কারের কাজ শুরু হয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব বৈধ ব্যবসায়ীদের যেন ঘর প্রদান করা যায় সে লক্ষ্যে মেয়র দীপক মজুমদার সেই স্থানটি পরিদর্শন করেন। পরিদর্শন শেষে মেয়র জানান, বৈধ ব্যবসায়ীদের শীঘ্রই নতুন পাকা দোকান ঘর নির্মাণ করে দেওয়া হবে। আগরতলা শহরে যানজট নিরসনে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সেদিকে লক্ষ্য রেখে বটতলা হাওড়া মার্কেট সংলগ্ন রাস্তাটি বড় করে সংস্কার করার ব্যবস্থা করা হচ্ছে।

****************************

**Blind Association :**

দৃষ্টিহীনদের স্বার্থ সংশ্লিষ্ট ২২ দফা দাবির ভিত্তিতে আজও অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশনের পক্ষ থেকে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের বিশেষ সচিব তপন কুমার দাসের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। সংগঠনের ছয় সদস্যের এক প্রতিনিধি দল সচিবালয়ে ডেপুটেশনে মিলিত হন। এসোসিয়েশনের উল্লেখযোগ্য দাবি গুলির মধ্যে রয়েছে, অবিলম্বে বিশেষ নিযোগ প্রক্রিয়ার মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে দৃষ্টিহীনদের শূণ্য পদগুনি দ্রুত পূরণ করা। দৃষ্টিহীনদের ভাতার পরিমান ন্যূনতম ৫০০০ টাকা করা। রাজ্যে একটি ব্রেইল প্রেস স্থাপন করা ও দৃষ্টিহীন বিদ্যালয়ে গুলির হোস্টেলের আসন সংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ১০০ করা।

ডেপুটেশনে প্রতিনিধি দলে ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা, যুগ্ম সম্পাদক সুব্রত সরকার, কোষাধ্যক্ষ অরুণ কুমার রায় এবং উপদেষ্টা মন্ডলের অন্যতম সদস্য আইনজীবি হরিদাস দত্ত।

****************************

**Package Story–Agriculture :**

কৃষি দপ্তর থেকে দেওয়া পাওয়ার টিলারের সঙ্গে ছোট ধান ভাঙার কল যুক্ত করে রোজগারের এক নতুন দিগন্ত উন্মোচন করেছেন উদ্ভাবনী ক্ষমতা সম্পন্ন কৃষক সুধীর দাস। তাঁর এই উদ্যোগে পরিবারের আর্থিক অবস্থার উন্নতির পাশাপাশি উপকৃত হচ্ছেন এলাকার অন্যান্য কৃষকরাও। একটি প্রতিবেদন।

########VC######

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জল সংরক্ষণ করা প্রতিটি নাগরিকের দায়িত্ব। জলের মতো অমূল্য সম্পদকে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সযত্নে রক্ষা করতে এবং জল সংরক্ষণকে দৈনন্দিন জীবনের অংশ করে তোলার আহ্বান জানান তিনি। আজ নয়াদিল্লিতে আয়োজিত জল মহোৎসব ২০২৬ উপলক্ষে

আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, নল-জল মিত্র কর্মসূচির অধীনে গ্রামীণ যুবক-যুবতী এবং স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, যাতে তাঁরা জল সরবরাহ ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে সক্রিয়ভাবে অংশ নিতে পারেন। তিনি বলেন, এই উদ্যোগ একদিকে জল সংরক্ষণে সহায়তা করছে, অন্যদিকে গ্রামীণ এলাকায় কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি করছে। রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু জলসমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে তুলতে সকলকে একযোগে প্রচেষ্টা চালিয়ে যাওয়ার আহ্বান জানান।

######Byte-President#####

*****************************

**PM-Kerala :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালামের এর্নাকুলামে প্রায় এগারো হাজার কোটি টাকা ব্যয়ের একাধিক উন্নয়ন প্রকল্পের সূচনা করেছেন। তিনি ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের কোচি শোধনাগারে পলিপ্রোপিলিন ইউনিট নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রায় পাঁচ হাজার পাঁচশ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই ইউনিটের বার্ষিক উৎপাদন ক্ষমতা চার লক্ষ টন। এছাড়াও সড়ক অবকাঠামো উন্নয়নের অংশ হিসেবে প্রধানমন্ত্রী দুটি গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন করেন। এর মধ্যে রয়েছে দুই হাজার ছয়শ পঞ্চাশ কোটি টাকা ব্যয়ে জাতীয় সড়ক সংখ্যা ছেষট্টির থালাপাড়ি-চেঙ্গালা অংশের ছয় লেন নির্মাণ। এই অংশটি মুম্বাই-কন্যাকুমারী অর্থনৈতিক করিডরের অন্তর্গত এবং কাসারগোড ও কান্নুর জেলার সঙ্গে ম্যাঙ্গালুরু ও মুঝাপিলাঙ্গাদ অঞ্চলের যোগাযোগ আরও সুদৃঢ় করবে।

######Byte-PM#####

এছাড়া এদিন প্রধানমন্ত্রী শ্রী মোদি প্রায় দুই হাজার একশ চল্লিশ কোটি টাকা ব্যয়ে কোঝিকোড বাইপাসের ভেঙ্গালাম থেকে রামানাট্টুকারা পর্যন্ত ছয় লেনের সড়ক নির্মাণের উদ্বোধনও করেন।

****************************

**PM–NDA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালামের কোচিতে “বিকশিত কেরালাম উইথ মোদী” শীর্ষক এন ডি এ জোটের এক সভায় ভাষণ দেন। তিনি বলেন, ভৌগোলিক অবস্থান, জলবায়ু ও প্রযুক্তিগত সম্ভাবনার কারণে কেরালামের উন্নয়নের যথেষ্ট সুযোগ রয়েছে। পর্যটন, প্রতিভা বিকাশ ও প্রযুক্তি ক্ষেত্রে নতুন সম্ভাবনা সৃষ্টি হবে বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী পশ্চিম এশিয়ায় অবস্থানরত ভারতীয়দের নিরাপত্তা রক্ষায় সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। জ্বালানি ক্ষেত্রে আত্মনির্ভরতার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, সৌর শক্তি প্রকল্প ও বৈদ্যুতিক যানবাহন অন্যের উপর নির্ভরতা কমাতে সহায়তা করছে। এছাড়া রাজ্যের নাম এখন থেকে “কেরালাম” হিসেবে ব্যবহারের সিদ্ধান্তের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী এই পদক্ষেপকে গুরুত্বপূর্ণ বলে অভিহিত করেন। তিনি বলেন, ত্রিশূর, তিরুবনন্তপুরম সহ বিভিন্ন অঞ্চলের মানুষ এন ডি এ জোটের প্রতি আস্থা প্রকাশ করেছেন এবং ডাবল ইঞ্জিনের সরকার হলে উন্নয়নের গতি আরও ত্বরান্বিত হবে।

****************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় জয়নগর ক্রিকেট ক্লাব ১০ উইকেটে হার্ভে ক্লাবকে, টি আই টি মাঠে ব্লাডমাউথ ক্লাব ৭ উইকেটে সংহতি ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে শতদল সংঘ ১২৭ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে।

*********************************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে দপ্তর। দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************